



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

২০১৮ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা সংক্রান্ত

বিশেষ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-১৭২

তারিখ: ১৩ পৌষ ১৪২৪
২৭ ডিসে: ২০১৭

সূত্র: রাশিবো/উমা/পনি-১৭১ তারিখ: ২১/১১/২০১৭

উপর্যুক্ত সূত্র পত্রের আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী -এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণের কার্যক্রম নিম্নোক্ত তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হ'ল:

বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ ও সোনালী সেবার মাধ্যমে ফিস জমার তারিখ	বোর্ডে হার্ডকপি সোনালী সেবার রশিদ জমার তারিখ
২৭/১২/২০১৭ তারিখ থেকে ০৩/০১/২০১৮ তারিখ পর্যন্ত	০৭/০১/২০১৮ তারিখ (সকল জেলা)

উপর্যুক্ত বর্ধিত তারিখ মোতাবেক বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ, হার্ডকপি সোনালী সেবার রশিদসহ ফরমপূরণের যাবতীয় কাজ সম্পন্ন করে, পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি এবং প্রিন্ট কপির প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, পেমেেন্ট স্লিপ, পেমেেন্ট ভেরিফিকেশন স্লিপসহ কাগজপত্রাদি ০১ সেট হিসাব শাখায় এবং ০১ সেট উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে। এ বিষয়টি শুধুমাত্র বর্ধিত সময়ের জন্য।

বি:দ্র: উল্লেখ্য ইতোপূর্বে জারিকৃত বিজ্ঞপ্তির তারিখ ও সময় সূচি অনুযায়ী কাগজপত্রাদি যথারীতি জমা দিতে হবে।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ;
২. কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
৩. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
৪. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর সংশ্লিষ্ট কর্মকর্তা ;
৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গ্রেটার রোড শাখা, রাজশাহী ;
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ;
৮. অফিস নথি;

চেয়ারম্যানের আদেশক্রমে

২৭.১২.২০১৭
প্রফেসর তরুণ কুমার সরকার
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

controller@rajshahieducationboard.gov.bd

সকল প্রকার ফিস সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে